

এমপিওভুক্তির দাবিতে কাফনের কাপড় বেধে প্রতিবাদ

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে আগামীকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করবে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ফেডারেশন। সমাবেশে পতন কর্মসূচি ঘোষণা করা হবে, বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ মোঃ এশরাফ আলী।

অন্যদিকে গতকালও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নিম্ন-মাধ্যমিক-মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি ও মাদরাসার স্বীকৃতিপ্রাপ্ত সকল নন-এমপিও শিক্ষকরা জাতীয় প্রেসক্লাবের সামনে মাথায় কাফনের কাপড় বেধে প্রতিবাদ কর্মসূচি পালন করেন। কর্মসূচিতে সভাপতি অধ্যক্ষ মোঃ এশরাফ আলী, সাধারণ সম্পাদক তাপস কুমার কুণ্ডু বক্তব্য রাখেন। বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে আমরা আন্দোলন চালিয়ে আসছি। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় আমাদের দাবির প্রতি গুরুত্ব দিচ্ছে না।